



গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

প্রধান কার্যালয়: সিদ্ধিক টাওয়ার (৯ম-১২ তম তলা)

৪৯, মহাখালি বা/এ, ঢাকা- ১২১২

ফোন: +৮৮০২৯৮৮৮৮২২-২৪, ফ্যাক্স: +৮৮০২৯৮৮৮৮৩৯৯

www.guardianlife.com.bd

নিবন্ধন শ্বানের চুক্তিনামা

বীমাপত্র নং ঝুঁকি শুরুর তারিখ ঝন হিসাব নং বীমা অংক: টাকা

ঝনের পরিমাণ: টাকা ঝন গ্রহণের তারিখ ঝন পরিশোধের তারিখ

জীবন বীমাপত্রের সুবিধা ও শর্তাবলী অনুযায়ী গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড থেকে প্রাপ্ত টাকা মাত্র, নগদ ঝন গ্রহণের পরিপ্রেক্ষিতে আমি এতদ্বারা ঘোষণা ও সম্মতি প্রকাশ করছি যে :

১। উল্লিখিত ঝনের জন্য জামানত হিসাবে উক্ত বীমাপত্রটির সকল স্বত্বাধিকার গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড কে প্রদান করলাম এবং আরও উল্লেখ থাকে যে, এই ঝন গ্রহণের সময় উক্ত বীমাপত্রের অন্য কোন স্বত্ত্ব প্রদান করা হয় নি।

২। উপরোক্ত ঝন বাবদ প্রতি বৎসর ১লা জানুয়ারী ও ১লা জুলাই তারিখে স্বাঙ্গাধিকারিত বার্ষিক ১২% হারে সুদ প্রদেয় হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে সুদ পরিশোধিত না হলে সমুদয় ঝনের টাকার উপর বার্ষিক চক্রবৃদ্ধি হারে সুদ প্রদেয় হবে। নির্দিষ্ট তারিখের পর অন্য কোন তারিখে ঝন (আংশিক অথবা পূর্ণ) পরিশোধ করতে চাইলে উল্লিখিত হার অনুযায়ী পরিশোধের তারিখ পর্যন্ত সুদ গ্রহণ করা হবে। গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড কোন নোটিশ প্রদান না করেই এই হার পরিবর্তনের অধিকার সংরক্ষণ করে এবং সেই ক্ষেত্রে পরিবর্তিত সুদের হার গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড কর্তৃক ধার্যকৃত তারিখ হতে প্রযোজ্য হবে।

৩। ৬ মাসের কম অথবা ২ বছরের বেশী সময়ের জন্য কোণ ঝন প্রদান করা হয়না এবং উক্ত ৬ মাসের আগে কোণ ঝন গ্রহীতা ঝন পরিশোধ করতে চাইলে পুরো ৬ মাসের সুদ দিতে হবে।

৪। ঝনের টাকা গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড এর প্রধান কার্যালয়ের অবলিখন ও পলিসি সার্ভিসিং বিভাগ হতে একাউন্ট পে চেকের মাধ্যমে প্রদান করা হবে এবং সুদের টাকা এমআর এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

৫। উপরোক্ত ঝন এবং পরবর্তীকালে যেকোন মঞ্জুরীকৃত ঝনের অপরিশোধিত সুদের টাকা সহ উক্ত বীমাপত্রটি যদি তৎকালীন সমর্পন মূল্যের সমান অথবা অধিক হয় তাহলে বীমাপত্রটি বাতিল/তামাদি বলে কার্যকরী হবে। কোন নোটিশ প্রদান ব্যতিরেকেই গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড উক্ত নগদ সমর্পন মূল্যের অর্থ দ্বারা প্রাপ্য ঝন আদায় করে নেয়ার অধিকার রাখে।

৬। বকেয়া সমুদয় সুদসহ ঝনের টাকা সম্পূর্ণ ভাবে পরিশোধিত হওয়ার পূর্বে যদি উক্ত বীমাপত্রের বিপরীতে কোন সুবিধা বা বীমার টাকার উপর কোন মৃত্যুদাবী নিষ্পত্তি করতে হয়, তাহলে গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড বীমাপত্রের শর্তানুযায়ী প্রদেয় বীমাদাবীর মোট পরিমাণ হতে প্রাপ্য বকেয়া ঝন ও এর সুদ এবং উক্ত বীমাপত্রের অধিনে অন্য কোনরূপ পাউনা বাদ দিয়ে অবশিষ্ট অর্থ বীমাদাবী হিসেবে পরিশোধ করতে বাধ্য থাকবে।

৭। প্রদেয় সুদসহ ঝনের টাকা এবং উক্ত বীমাপত্রের অধিনে অন্যকোনরূপ পাওনা নির্দিষ্ট সময়ের মধ্যে পরিশোধ করা মাত্রই গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড বীমাপত্রটি কে দায়মুক্ত করে বীমাগ্রাহকের নিকট ফেরৎ দিবে এবং এই চুক্তির সমাপ্তি ঘটবে।

নিম্নোক্ত স্বাক্ষরী সম্মুখে আমি স্বেচ্ছায় উপরোক্ত শর্তাবলী সম্পন্নকরে চুক্তিপত্রটিতে স্বাক্ষর প্রদান করলাম।

বীমাগ্রহীতার স্বাক্ষর ও তারিখ

১) স্বাক্ষরী:

স্বাক্ষর:

নাম:

পেশা ও পদমর্যাদা:

পূর্ণ ঠিকানা:

২) স্বাক্ষরী:

স্বাক্ষর:

নাম:

পেশা ও পদমর্যাদা:

পূর্ণ ঠিকানা: